ফাতওয়া নাম্বার:২৭৮ প্রকাশকালঃ০২-০৮-২০২১ ইং

# খাসিকৃত পশু দ্বারা কুরবানী করার হুকুম কী?

**প্রশ্নঃ**

আমরা জানি, ত্রুটিযুক্ত পশু কুরবানী করা যায় না। ছাগলকে তো অপারেশন করে খাসি করা হয়, যার ফলে ছাগলটি ত্রুটিযুক্ত হয়ে যায়। সুতরাং খাসিকৃত ছাগল কুরবানী করার হুকুম কী?

প্রশ্নকারী- সাঈদ

**উত্তরঃ**

بسم الله الرحمن الرحيم

حامدا ومصليا ومسلما

খাসি দ্বারা কুরবানী করা জায়েয। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেও খাসিকৃত পশু দ্বারা কুরবানী করেছেন। হাদীসে এসেছে,

عن جابر بن عبد الله، قال: ذبح النبي –صلى الله عليه وسلم– يوم الذبح كبشين أقرنين أملحين موجئين. –سنن أبي داود، باب ما يستحب من الضحايا، رقم الحديث٢٧٩٥؛ قال الشيخ شعيب الأرنؤوط : إسناده حسن. اهـ

‘জাবির বিন আব্দুল্লাহ (রা) বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরবানীর দিন বড় বড় শিং বিশিষ্ট দুটি সাদা-কালো খাসিকৃত দুম্বা কুরবানী করেছেন।’ -সুনানে আবু দাউদ: ২৭৯৫

আর খাসি করলে ছাগল ত্রুটিযুক্ত হয়ে যায়, বিষয়টি এমন নয়; বরং খাসি করার দ্বারা গোশতের মান আরও বেড়ে যায়। পূর্বোক্ত হাদীসের ব্যাখ্যায় হাফেয ইবনে হাজার (রহ) (৮৫২ হি.) বলেন,

قال الخطابي الموجوء يعني بضم الجيم وبالهمز منزوع الأنثيين والوجاء الخصاء وفيه جواز الخصي في الضحية وقد كرهه بعض أهل العلم لنقص العضو لكن

ليس هذا عيبا لأن الخصاء يفيد اللحم طيبا وينفي عنه الزهومة وسوء الرائحة.

فتح الباري لابن حجر (دار المعرفة) (١٠/ ١٠)

"খাত্তাবি (রহ) বলেন, উক্ত হাদীসটি দলীল যে, খাসিকৃত পশু কুরবানী করা জায়েয। আহলে ইলমদের কেউ কেউ অবশ্য (একটি) অঙ্গ (অর্থাৎ অণ্ডকোষ) কমে যাওয়ার কারণে মাকরূহ বলেছেন। কিন্তু এটি আসলে কোনো ত্রুটি নয়। কারণ, খাসি করলে গোশতের স্বাদ বাড়ে এবং গোশতের দুর্গন্ধ দূর হয়।" -ফাতহুল বারী: ১০/১০

আরও দেখুন বাদায়িউস সানায়ি: ৫/৮০, তাতারখানিয়া: ১৭/৪২৬

**فقط والله تعالى أعلم بالصواب**

**আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)**

০৮-০১-১৪৪৪ হি.

০৭-০৮-২০২২ ঈ.